গাংনীতে সাপের কামড়ে যুবকের মৃত্যু

মেহেরপুরের গাংনীতে বিষধর সাপের কামড়ে শামীম হোসেন (১৫) নামের এক যুবকের মৃত্যু হয়েছে।

আজ বুধবার সকাল সাড়ে ৮টার দিকে চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু হয়। নিহত শামীম হোসেন উপজেলার করমদি গ্রামের মিজানুর রহমানের ছেলে। গতকার মঙ্গলবার দিনগত মধ্যরাতে শয়নকক্ষে ঘুমন্ত অবস্থায় সাপে কামড় দেয় শামীমকে।

স্থানীয়রা জানান, রাতে নিজ কক্ষে শামীম হোসেন ঘুমিয়ে ছিল। ঘুমন্ত অবস্থায় তাকে সাপে কামড় দেয়। পরে বাড়ির লোকজন বিষয়টি জানতে পেরে স্থানীয় এক ওঝার কাছে নিয়ে যায়। পরবর্তীতে তার অবস্থার অবনতি হলে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নেওয়া হয়। সেখানে কিছুক্ষণ থাকার পর চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু হয়।

মেহেরপুর জেলা বিএনপির সভাপতিসহ চার নেতাকে বহিষ্কারের খবর ভুয়া

বাংলাদেশ জাতীয়তাবাদী দলের (বিএনপি) একটি ভুয়া প্রেস বিজ্ঞপ্তি সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়েছে।

মঙ্গলবার (০৪ নভেম্বর) দুপুর থেকে সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়া ওই তথাকথিত বিজ্ঞপ্তিতে মেহেরপুর জেলা বিএনপির সভাপতি জাভেদ মাসুদ মিল্টনসহ চারজন নেতাকে বহিষ্কারের দাবি করা হয়।

তবে বিষয়টি সম্পূর্ণ ভিত্তিহীন ও ভুয়া বলে জানিয়েছেন কেন্দ্রীয় বিএনপি নেতারা। তারা জানান, বিভ্রান্তি সৃষ্টি ও রাজনৈতিক উদ্দেশ্যে কেউ পরিকল্পিতভাবে এ ধরনের মিথ্যা বিজ্ঞপ্তি তৈরি করে

ছড়িয়ে দিয়েছে। এতে দলের ভাবমূর্তি নষ্ট করার অপচেষ্টা চালানো হয়েছে।

এ ঘটনায় দায়ীদের শনাক্ত করতে স্থানীয় বিএনপি নেতারা কেন্দ্রীয় দপ্তারের সঙ্গে যোগাযোগ করেছেন। দলীয় সূত্রে জানা গেছে, ভুয়া বিজ্ঞপ্তিতে ব্যবহৃত স্বাক্ষর ও লেটারহেডও জালিয়াতির মাধ্যমে নকল করা হয়েছে।

মেহেরপুরে অনলাইন জুয়ার এজেন্ট দিপুসহ তিনজন গ্রেফতার

মেহেরপুরের অনলাইন জুয়ার শীর্ষ এজেন্ট দেলোয়ার হোসেন দিপু ও সুমনসহ তিনজনকে গ্রেফতার করেছে মেহেরপুর ডিবি পুলিশ।

আজ সোমবার বিকালে মুজিবনগর থানাধীন মেহেরপুর-আটকবরগামী পাকা রাস্তার উপর অভিযান পরিচালনা করে তাদের তিনজনকে গ্রেফতার করা হয়। এ সময় তাদের হেফাজত হতে পাঁচটি মোবাইল ফোন, বিভিন্ন ব্যাংকের চারটি এটিএম কার্ড, দুটি পেনড্রাইভ ও একটি প্রাইভেটকার উদ্ধার করা হয়।

গ্রেফতারকৃতরা হলো- মুজিবনগরের টঙ্গী গোপালপুরের বিল্লাল হোসেনের ছেলে দেলোয়ার হোসেন দিপু (৪০), সদর উপজেলার পিরোজপুর গ্রামের রেজাউল খন্দকারের ছেলে সুমন আলী (৩৮) ও গোপালপুর মাঝপাড়ার সিরাজুল ইসলামের ছেলে সাকিবুল ইসলাম (২৩)।

পুলিশ প্রেস রিলিজে জানায়, গ্রেফতারকৃতদের প্রাথমিক জিজ্ঞাসাবাদে তারা গ্রামের সহজ-সরল বিভিন্ন শ্রেণি-পেশার লোকদের অধিক লাভের প্রলোভন দেখিয়ে অনলাইনে জুয়া খেলায় উদ্বুদ্ধ করার কথা স্বীকার করেছে। তারা নিজেরাও দীর্ঘদিন ধরে অনলাইনে জুয়া খেলার প্লাটফর্ম পরিচালনা করে আসছে এবং জুয়া খেলায় আসক্ত।

পুলিশ আরও জানায়, গ্রেফতারকৃত মোঃ দেলোয়ার হোসেন দিপুর বিরুদ্ধে মেহেরপুর সদর, গাংনী ও মুজিবনগর থানায় একাধিক মামলা

রয়েছে এবং মোঃ সুমন আলীর বিরুদ্ধে মুজিবনগর থানায় একটি মামলা বিচারাধীণ রয়েছে।

গ্রেফতারকৃতদের বিরুদ্ধে মেহেরপুর জেলার মুজিবনগর থানায় সাইবার সুরক্ষা অধ্যাদেশে মামলা দায়ের করে আদালতে পাঠানো হয়েছে।

বারাদী বাজারের আন্নাচ মার্কেটে শিশু নার্সিং ইসলামী একাডেমির উদ্বোধন

মেহেরপুর সদর উপজেলার বারাদীতে শিশু নার্সিং ইসলামী একাডেমির শুভ উদ্বোধন হয়েছে। গতকাল সোমবার বিকেলে বারাদী বাজারস্থ আন্নাচ মার্কেট বিল্ডিয়ে শিশু নার্সিং ইসলামী একাডেমির শুভ উদ্বোধন করা হয়।

কবি নজরুল শিক্ষা মঞ্জিলের সিনিয়র শিক্ষক আলহাজ্ব হযরত মাওলানা তালিব উদ্দীন এর সভাপতিত্বে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, ইউনিয়ন বিএনপি’র সভাপতি আফারুল ইসলাম ডাবলু।

একাডেমির প্রিন্সিপাল মাওলানা মুফতি শামীম রেজা বলেন, এখানে জেনারেল শিক্ষার পাশাপাশি অভিজ্ঞ ক্বারী দ্বারা কুরআন, ফিকহ ও হিফজুল কুরআন বিভাগে শিক্ষা প্রদান করা হবে। এখান থেকে শিশুরা বাংলা, অংক, ইংরেজি ও সাধারণ শিক্ষার পাশাপাশি কোরআন হাদিস ও দ্বীনের জ্ঞান অর্জন করতে পারবে। তারা ইসলামী শিক্ষা গ্রহণের মাধ্যমে নৈতিক মুল্যবোধ তৈরি ও আদর্শ মানুষ হিসেবে গড়ে উঠবে। অনুষ্ঠান সঞ্চালনা করেন, মাওলানা জাহিদুল ইসলাম, অনুষ্ঠানে পবিত্র কুরআন থেকে তেলাওয়াত করেন হাফেজ আব্দুল মোমিন। এসময় উপস্থিত ছিলেন, ইউপি সদস্য কামরুজ্জামান মুকুল, সাবেক ব্যাংক কর্মকর্তা আতিয়ার রহমান, ডাঃ আয়নাল সহ বারাদী বাজারের ব্যবসায়ী ও সুধীজন।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

পরিবর্তনের দাবিতে বিক্ষোভ

মেহেরপুর-২ (গাংনী) আসনে বিএনপি’র সাবেক সংসদ সদস্য আমজাদ হোসেনের দলীয় মনোনয়ন বাতিল করে জেলা বিএনপি’র সভাপতি জাবেদ মাসুদ মিল্টনকে মনোনয়ন দেওয়ার দাবিতে বিক্ষোভ সমাবেশ করেছেন দলীয় নেতাকর্মীরা।

আজ সোমবার রাতে গাংনী শহরের বাসস্ট্যান্ড এলাকায় মেহেরপুর–কুষ্টিয়া মহাসড়কে টায়ারে আগুন জ্বালিয়ে বিক্ষোভ করেন মিল্টনপন্থী নেতাকর্মীরা। এতে এলাকায় উত্তেজনা ছড়িয়ে পড়ে এবং কিছু সময়ের জন্য যান চলাচল বন্ধ থাকে।

এর আগে সন্ধ্যায় বিএনপি’র মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর আনুষ্ঠানিকভাবে মনোনয়ন তালিকা ঘোষণা করলে, আমজাদ হোসেনপন্থী নেতাকর্মীরা উল্লাসে ফেটে পড়েন। অন্যদিকে, মনোনয়ন না পাওয়ায় জেলা বিএনপি’র সভাপতি জাবেদ মাসুদ মিল্টনের অনুসারীদের মধ্যে তীব্র ক্ষোভ দেখা দেয়।

আজ রাত ৮টার দিকে ক্ষুব্ধ নেতাকর্মীরা সড়কের ওপর টায়ারে আগুন জ্বালিয়ে বিক্ষোভ শুরু করেন। পরে তারা শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে মিছিল করেন।

বিক্ষোভ মিছিলে বিএনপি, যুবদল, ছাত্রদল ও মহিলা দলের নেতাকর্মীরা অংশ নেন। বিক্ষোভ সমাবেশে গাংনী উপজেলা বিএনপি’র সাধারণ সম্পাদক আব্দুল আওয়াল বলেন, ধানের শীষের বিজয় নিশ্চিত করতে হলে তৃণমূলের জনপ্রিয় নেতা জাবেদ মাসুদ মিল্টনকেই মনোনয়ন দিতে হবে। যতক্ষণ পর্যন্ত মনোনয়ন পরিবর্তন না হবে, ততক্ষণ পর্যন্ত আমাদের আন্দোলন চলবে।

স্থানীয় রাজনৈতিক পর্যবেক্ষকরা বলছেন, মনোনয়ন ঘোষণার পরপরই গাংনীতে বিএনপি’র ভেতরে বিরোধ প্রকাশ্যে এসেছে। পরিস্থিতি সামাল দিতে জেলা নেতৃত্ব ও আইনশৃঙ্খলা বাহিনী সতর্ক অবস্থায় রয়েছে।

মেহেরপুরে বিএনপির প্রার্থী হলেন মাসুদ অরুন ও আমজাদ হোসেন

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে মেহেরপুরর দুটি আসনে বিএনপির সম্ভাব্য প্রার্থীদের নাম ঘোষণা করা হয়েছে ।

মেহেরপুর-১ আসনে বিএনপির কেন্দ্রীয় নির্বাহী কমিটির সদস্য, সাবেক সংসদ সদস্য ও জেলা বিএনপির সাবেক সভাপতি মাসুদ অরুন এবং মেহেরপুর-২ (গাংনী) আসনে জেলা বিএনপির সাবেক সভাপতি ও সাবেক সংসদ সদস্য আমজাদ হোসেনের নাম ঘোষণা করা হয়েছে।
আজ সোমবার সন্ধ্যায় দলের স্থায়ী কমিটির মিটিং শেষে দলের মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর সংবাদ সম্মেলনের মাধ্যমে প্রার্থীদের নাম ঘোষণা করেন।
এদিকে, প্রার্থীদের নাম ঘোষনার খবর ছড়িয়ে পড়লে মেহেরপুর ও গাংনীতে নেতাকর্মীদের মধ্যে আনন্দ উচ্ছাস ও মিষ্টি বিতরণ করতে দেখা গেছে।

মেহেরপুরে ২১ ছাত্রী সাইকেল ও ১১ প্রতিবন্ধী পেল হুইল চেয়ার

২০২৪-২০২৫ অর্থবছরের উপজেলা উন্নয়ন তহবিল (ইউডিএফ) প্রকল্পের আওতায় মেহেরপুর সদর উপজেলার বিভিন্ন মাধ্যমিক বিদ্যালয়ের দরিদ্র ও মেধাবী ২১ জন ছাত্রী এবং ১১ জন প্রতিবন্ধীর মাঝে বাইসাইকেল ও হুইলচেয়ার বিতরণ করেছে সদর উপজেলা প্রশাসন।

সোমবার সকাল সাড়ে ১০টার দিকে সদর উপজেলা পরিষদ চত্বরে বাইসাইকেল ও হুইলচেয়ার বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক ডঃ আবদুল ছালাম। অনুষ্ঠানের সভাপতিত্ব করেন সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. খাইরুল ইসলাম।

জেলা প্রশাসক ডঃ আবদুল ছালাম বলেন, সারা দেশে স্কুলের শিক্ষার্থীদের উপস্থিতি তুলনামূলকভাবে কম। এজন্য বিভিন্ন উদ্যোগ নেওয়া হচ্ছে। সেই উদ্যোগেরই একটি অংশ হিসেবে আজ এই বাইসাইকেল বিতরণ করা হয়েছে। অনেক ছাত্রী আছে যারা দূরত্ব বা আর্থিক কারণে নিয়মিত স্কুলে আসতে পারে না। তাদের সেই কষ্ট কিছুটা লাঘব করতে এবং উপস্থিতি নিশ্চিত করতে দরিদ্র ও মেধাবী পরিবারের ছাত্রীদের হাতে এই বাইসাইকেল তুলে দেওয়া হয়েছে।

অনুষ্ঠানে অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) তাজওয়ার আকরাম সাকাপি ইবনে সাজ্জাদ, প্রকল্প বাস্তবায়ন অফিসার সাইদুর রহমান, মাধ্যমিক শিক্ষা অফিসার মনিরুল ইসলাম, সদর উপজেলা কৃষি অফিসার মনিরুজ্জামান এবং মোমিনপুর বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক জাব্বারুল ইসলাম প্রমুখ উপস্থিত ছিলেন।

গাংনীতে ৬ লাঠিয়াল দলের নজরকাড়া রণকৌশল ঐতিহ্যবাহী লাঠিখেলা

মেহেরপুরের গাংনী বাজার উন্নয়ন সংস্থার আয়োজনে দিনব্যাপি লাঠিখেলা অনুষ্ঠিত হয়েছে। আজ সোমবার সকাল থেকে গাংনী ফুটবল মাঠে খেলার উদ্বোধন করেন মেহেরপুর জেলা বিএনপির সভাপতি জাভেদ মাসুদ মিল্টন।

কালের বিবর্তনে সামন্ত প্রভুদের খাজনা আদায়ের লাঠিয়ালদের সেই নিষ্ঠুরতা এখন মানুষের বিনোদন যোগাচ্ছে। লাঠিয়ালদের কলা-কৌশলও বেশ নজরকাড়া। প্রতিপক্ষকে পরাস্ত করতে নানা কৌশলে লাঠি চালাচ্ছেন একপক্ষ। অন্যপক্ষও আত্মরক্ষার্থে অবলম্বন করছেন নানা কৌশল। এ যেন আনন্দদায়ী পাতানো এক যুদ্ধ! হারিয়ে যাওয়া গ্রাম বাংলার এই ঐতিহ্যবাহী পাতানো যুদ্ধে মুগ্ধ হয়েছেন গাংনীর হাজারও দর্শক।

খেলার শুরুতেই বাদ্যের তালে তালে লাঠিয়ালদের নাচ, আক্রমণ ও

প্রতিরক্ষামূলক কসরত যেন দর্শককে বিমোহিত করেছে। লাঠিখেলাকে কেন্দ্র করে গাংনীতে যেন সৃষ্টি হয়েছে এক লোকজ উৎসবের আমেজ, যেখানে জড়ো হয়েছে হাজারও বৃদ্ধ, নারী, পুরুষ ও শিশু। এ যেন আনন্দদায়ী পাতানো এক যুদ্ধ! হারিয়ে যাওয়া গ্রাম বাংলার এই ঐতিহ্যবাহী পাতানো যুদ্ধে মুগ্ধ হয়েছেন গাংনীর হাজারও দর্শক।

খেলার আয়োজকরা জানিয়েছেন, ঐতিহ্যবাহী লাঠিখেলাকে পুনরুদ্ধার করে সামাজিক ও সাংস্কৃতিক বন্ধনকে সুদৃঢ় করা এবং সুস্থ ধারার সামাজিক বিনোদন প্রদান, মাদক ও জুয়ামুক্ত সমাজ গড়ার প্রত্যয়ে এই খেলাটির আয়োজন করা হয়েছে।

গাংনী বাজারপাড়া উন্নয়ন সংস্থার সভাপতি সোহানুর রহমান সোহান বলেন, জনপ্রিয় এই খেলাটি এখন বিলুপ্তপ্রায়। তরুণ প্রজন্মকে মাদক ও মোবাইল আসক্ত থেকে মুক্ত রেখে শরীরচর্চায় আগ্রহী করতে খেলাটি বিশেষ ভূমিকা রাখবে। এছাড়াও তিনি খেলাটি টিকিয়ে রাখতে সকলকে পৃষ্ঠপোষকতার আহ্বান জানান।

স্কুল ছাত্রী রোমানা খাতুন বলেন, আমি কখনো লাঠিখেলা দেখিনি। আজকে এই খেলাটি দেখে আমি মুগ্ধ। বর্তমান প্রজন্মের ছেলেমেয়েরা এই খেলা সম্পর্কে তেমন কিছুই জানে না। লাঠিখেলা চর্চা করলে আত্মরক্ষায়ও সহায়ক হতে পারে।

চাঁন্দামারী গ্রামের দর্শক আয়ূব হোসেন বলেন, হারিয়ে যাওয়া খেলাটিকে বারবার আয়োজনের মাধ্যমে টিকিয়ে রাখতে হবে। খবর শুনে আমি সেই দশ মাইল পথ পাড়ি দিয়ে লাঠিখেলা দেখতে ছুটে এসেছি। ছোটবেলায় আমরা দল বেঁধে বিভিন্ন এলাকায় লাঠিখেলা দেখতে যেতাম। এখনকার ছেলে-মেয়েরা শুধু মোবাইল ফোনে আসক্ত হয়ে পড়েছে। যার ফলে তারা সামাজিকতা, ভদ্রতা, বড়দের সম্মান ও ছোটদের প্রতি স্নেহ প্রদর্শন করতে ভুলে যাচ্ছে। পুরানো খেলাধুলার মধ্যেই আমাদের আসল সংস্কৃতি জড়িয়ে আছে। সেগুলোকে আবারও ফিরিয়ে আনতে হবে।

শিশিরপাড়া লাঠিয়াল দলের টিম লিডার আনিছুর রহমান বলেন, ঐতিহ্যবাহী এই খেলায় যেমন দর্শকরা আনন্দ পায়, তেমনি এ খেলার মাধ্যমে আত্মরক্ষার নানা কৌশলও শেখা যায়।

খেলার আয়োজক কমিটি গাংনী বাজারপাড়া উন্নয়ন সংস্থার উপদেষ্টা মকবুল হোসেন মেঘলা বলেন, যুব সমাজকে খেলা-ধুলার মাধ্যমে মাদকমুক্ত ও জুয়ামুক্ত করতে এই আয়োজন করা হয়েছে। মেহেরপুরের বিভিন্ন এলাকায় দীর্ঘকাল ধরে বিনোদনের খোরাক জুগিয়েছে এই

লাঠিখেলা। জুয়া, মাদক ও সন্ত্রাসমুক্ত নতুন প্রজন্ম গড়তে এ ধরনের খেলা টিকিয়ে রাখার প্রয়োজন রয়েছে।

অনুষ্ঠানের প্রধান অতিথি মেহেরপুর জেলা বিএনপির সভাপতি জাভেদ মাসুদ মিল্টন বলেন, নতুন প্রজন্মের জন্য এটি বিনোদন হলেও একসময় লাঠিখেলাটি আত্মরক্ষার রণকৌশল হিসেবে ব্যবহৃত হতো। আগে জেলার বিভিন্ন গ্রামে অন্তত একটি লাঠিয়াল দল থাকত। সময়ের সঙ্গে সঙ্গে এই খেলাটি প্রায় বিলুপ্ত হয়েছে। অনেকদিন পর গাংনীতে লাঠিখেলার আয়োজন হয়েছে। এমন আয়োজনের জন্য আয়োজক কর্তৃপক্ষকে বিশেষ ধন্যবাদ জানাই।

এর আগে সকাল ১০টার সময় জাতীয় পতাকা উত্তোলনের মাধ্যমে খেলাটির উদ্বোধন করেন মেহেরপুর জেলা বিএনপির সভাপতি জাভেদ মাসুদ মিল্টন। গাংনী বাজারপাড়া উন্নয়ন সংস্থার সভাপতি সোহানুর রহমানের সভাপতিত্বে এ সময় উপস্থিত ছিলেন গাংনী উপজেলা বিএনপির সাবেক সভাপতি রেজাউল হক, উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক আব্দুল আওয়াল, গাংনী উপজেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক আব্দাল হক এবং মেহেরপুর জেলা যুবদলের সাধারণ সম্পাদক কাওছার আলী।

খেলা শেষে বিজয়ী ও রানার্সআপ দলের মধ্যে প্রধান অতিথি পুরস্কার বিতরণ করেন।

মেহেরপুরের বারাদীতে জামায়াত প্রার্থীর গণসংযোগ

বাংলাদেশ জামায়াতে ইসলামী মেহেরপুর জেলা শাখার উদ্যোগে সদর উপজেলার বারাদী গ্রামে গণসংযোগ কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে। গতকাল রবিবার বিকাল ৫টার দিকে বারাদী বাজারে প্রধান সড়ক ও দোকানপাটে এ গণসংযোগ অনুষ্ঠিত হয়।

গণসংযোগে নেতৃত্ব দেন, বাংলাদেশ জামায়াতে ইসলামী মেহেরপুর-১ আসনের প্রার্থী মাওলানা তাজউদ্দিন খান। এসময় আরও উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা জামায়াতের নায়েবে আমির মাওলানা মাহবুব আলম,